# G4 Ministerial Joint Press Statement

September 23, 2020

# জি4 মন্ত্রীস্তরীয় যৌথ বিবৃতি

সেপ্টেম্বর 23, 2020

1. 23শে সেপ্টেম্বর 2020 তারিখে জি4 দেশগুলির বিদেশমন্ত্রীগণ যথাক্রমে, ব্রাজিলের বিদেশমন্ত্রী মহামান্য শ্রী এরনেস্টো আরাউজোঁ, ভারতের বিদেশমন্ত্রী মহামান্য ড. সুব্রাহ্মনীয়ম জয়শংকর, জাপানের বিদেশমন্ত্রী মহামান্য মোতেগি তোশিমিৎসু, এবং জার্মানির বিদেশমন্ত্রী মহামান্য শ্রী হেইকো মাস-এর তরফে মহামান্য শ্রী নেইলস আনেন, যুক্তরাষ্ট্রীয় বিদেশ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী, রাষ্ট্র সঙ্ঘের সাধারণ মহাসভার 75 তম অধিবেশনে উপস্থিত ছিলেন।

2 "আজকের পৃথিবী সেই সময়ের থেকে আলাদা যখন 75 বছর আগে রাষ্ট্র সঙ্ঘ প্রতিষ্ঠা হয়েছিল, এখন আরও অনেক বেশী দেশ, অনেক বেশী চ্যালেঞ্জ কিন্তু সমাধানও বেশী রয়েছে। আমাদের কাজের পদ্ধতিতে গতি এবং উপযোগিতা রাখার দরকার । (.....) আমরা রাষ্ট্রসঙ্ঘের তিনটি প্রধান সংস্থার সংস্কারের পুনরায় আহবান জানাচ্ছি। আমরা নিরাপত্তা পরিষদের সংস্কারের আলোচনায় একটু একটু করে নতুন প্রাণ আনার ক্ষেত্রে অঙ্গীকারবদ্ধ।"

সকল রাষ্ট্রপ্রধান এবং সরকার দ্বারা ঘোষণাপত্র থেকে গৃহীত এই শব্দগুলো নিরাপত্তা পরিষদের দ্রুত এবং ব্যাপক সংস্কারের জন্য চূড়ান্ত পদক্ষেপ গ্রহণে আমাদের সাধারণ সংকল্পকে পুনরায় দৃঢ়ীকৃত করে যাকিনা 2005-এর বিশ্ব শীর্ষ সম্মেলনে রাষ্ট্রপ্রধান এবং সরকার দ্বারা বিবেচিত হয়েছিল।

3. এই আহবানের সাথে সাযুজ্য রেখে জি4 মন্ত্রীরা সমসাময়িক বাস্তবতার আরও ভালো প্রতিফলনের জন্য রাষ্ট্রসঙ্ঘের সংস্কার এবং এর মুখ্য সিদ্ধান্ত গ্রহণকারী সমিতির আধুনিকীকরণের জরুরি প্রয়োজনীয়তার উপরে রেখাপাত করেছিলেন। জি4 মন্ত্রীরা এই প্রক্রিয়াকে দীর্ঘায়িত করার জন্য তাদের নিরাশা প্রকাশ করেছেন এবং রাষ্ট্রসঙ্ঘের এই 75 তম বর্ষপূর্তিতে এই বিষয়টিকে অর্থপূর্ণ ভাবে ও অধিক জরুরি ভিত্তিতে উল্লেখ করেছেন।

4. নিরাপত্তা পরিষদের সংস্কারের একটি অংশ হিসেবে এই সমিতিকে আরও প্রতিনিধিত্বমূলক, যুক্তিযুক্ত ও প্রভাবী করে গড়ে তোলার জন্য উভয় ক্যাটেগরিতেই নিরাপত্তা পরিষদের প্রসারণ অপরিহার্য, তাই আন্তর্জাতিক শান্তি ও সুরক্ষার প্রশ্নে আজকের দিনে বিশ্ব যে জটিল চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে তার মোকাবিলা করার জন্য ক্ষমতার বৃদ্ধি করা দরকার।আমরা যদি শুধুমাত্র নিরাপত্তা পরিষদের সংস্কার সাধন করতে সক্ষম হই তাহলে কি একে অবলুপ্তির থেকে ঠেকাতে পারব? নিরাপত্তা পরিষদে বৃহত্তর সদস্যপদ সেই সাথে আফ্রিকা সহ দেশগুলির বৃহত্তর এবং বর্ধিত প্রতিনিধিত্ব সহ ক্ষমতা এবং আগ্রহের সাথে আন্তর্জাতিক শান্তি ও সুরক্ষা রক্ষার্থে অবদান রেখে , এর বিশ্বাসযোগ্যতাকে সংরক্ষণ করতে দেবে এবং আজকের আন্তর্জাতিক সংকটকালে শান্তিপূর্ণ সমাধানে রাজনৈতিক পৃষ্ঠপোষকতা তৈরি করবে।

5. নিরাপত্তা পরিষদের সংস্কারে ইন্টার গভর্নমেন্টাল নিগোশিয়েশন (আইজিএন)-এর কোনরকম অর্থবহ অগ্রগতি না হওয়ার জন্য জি4 মন্ত্রীরা তাদের উদ্বেগ প্রকাশ করেছেন,এবং তাদের উদ্বেগ এভাবে ব্যক্ত করেছেন যে- ফেব্রুয়ারী এবং মার্চে দুটি অধিবেশনের পরে- কোভিড-19 এর কারণে আইজিএন স্থগিত হয়ে যায় এবং তারপরে কোনোরকমের বৈঠক অনুষ্ঠিত হয়নি । যদিও, আগের

অধিবেশনকে সামনে এগিয়ে নিয়ে যাবার জন্য ভার্চুয়াল বৈঠক অথবা লিখিত প্রক্রিয়া করা যেতে পারত।

6. এই প্রগতিতে সামগ্রিক আফ্রিকান স্থিতির এক প্রতিফলন হওয়া উচিত যেমনটি এজুল্বিনী সহমত এবং সির্ত ঘোষণা পত্রে রয়েছে। সাম্প্রতিক অধিবেশনে পূণর্বার দেখা গেছে যে, আইজিএন –এ প্রয়োজনীয় উন্মুক্ততা এবং স্বচ্ছতার অভাব রয়েছে এবং ক্রটিপূর্ণ কর্মপদ্ধতির আড়ষ্ট ভাব রয়েছে। রাষ্ট্রসঙ্ঘের সনদে এবং মহাসভার নিয়ম ও পদ্ধতিতে নির্ধারিত নির্ণয় নেবার আবশ্যকতা ও কার্যবিধিতে আইজিএন কে নির্দেশিত করা উচিত।

7. জি4 মন্ত্রীদের বিশ্বাস যে, এখন সময় হয়েছে সাধারণ বক্তব্যর উপর বিতর্ক নির্ভর দিন শেষ হয়ে যাবার, বাস্তবমুখি বিষয় নির্ভর আলোচনা ব্যতিরেকে আসলে আন্তর সরকারি সেটিং স্থান করে নিয়েছে। রাষ্ট্রসঙ্ঘের সংখ্যাগরিষ্ঠ সদস্য দেশ দৃঢ়তার সাথে নিরপত্তা পরিষদের ব্যাপক সংস্কার চাইছে এবং তাদের আশা যে রাষ্ট্রসঙ্ঘের 75 তম বার্ষিকীতে আইজিএন একটি বাস্তব ফল প্রদান করবে। বর্তমান অধিবেশনে আইজিএন-এর আগের অধিবেশনের সরাসরি ধারাবাহিকতা হিসেবে এক্ষুনি শুরু করা উচিত।

8. জি4 –এর মন্ত্রীরা সংশোধিত নিরাপত্তা পরিষদে আন্তর্জাতিক শান্তি এবং সুরক্ষা বজায় রাখার ক্ষেত্রে মুখ্য দায়িত্বভার বহন করতে ইচ্ছুক এবং ক্ষমতা প্রদানকারী  উচ্চাকাঙ্খী নতুন স্থায়ী প্রার্থীপদে একে অন্যকে সমর্থন করার কথা পুনরায় উল্লেখ করেছেন। উন্নয়নশীল দেশগুলির বর্ধিত ভূমিকার প্রয়োজন পরিষ্কার ভাবে রয়েছে এবং আরো যুক্তিযুক্ত,প্রভাবী এবং প্রতিনিধিত্বমূলকভাবে রাষ্ট্রসঙ্ঘকে গড়ে তোলায় মুখ্য অবদান রয়েছে।নিরাপত্তা পরিষদে আফ্রিকা থেকে কম সংখ্যক প্রতিনিধি রাখার ক্ষেত্রে এই মহাদেশের প্রতি  ঐতিহাসিক অবিচারকে শুধরে নেবার জন্য সংশোধিত বর্ধিত নিরাপত্তা পরিষদে স্থায়ী এবং অস্থায়ী এই উভয় শ্রেণীর সদস্যপদে আফ্রিকার প্রতিনিধিত্বের প্রয়োজন রয়েছে।যেটা প্রয়োজন তা হল আন্তর্জাতিক সহযোগিতা এবং বিশ্বব্যাপী শাসনপদ্ধতির প্রতি আমাদের বিশ্বাসকে ফিরিয়ে আনতে প্রতিনিধিত্বমূলক রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ- এই পরীক্ষিত সময়ে আগের থেকে বেশী জরুরি।

9. জি4 অন্য সংস্কার মনস্ক দেশ এবং গ্রুপগুলির সাথে সম্পর্ক বজায় রেখে যাবে এবং অনতিবিলম্বে বিষয় নির্ভর আলোচনা শুরু করার জন্য লেগে থাকবে।মন্ত্রীরা তাদের দৃঢ়তা ব্যক্ত করেছেন যে, মহাসভার 75তম অধিবেশনে বাস্তবিক ফল পাওয়া যাবে, এবং তাদের প্রতিনিধিদের নির্দেশ দিয়েছেন যে, নিরাপত্তা পরিষদের দ্রুত সংস্কার আনতে মহাসভার সভাপতির প্রচেষ্টায় সমর্থন জোগাতে। মজবুত, যুক্তিযুক্ত রাষ্ট্রসংঘ গঠনে আমাদের একসাথে কাজ করে যেতে হবে।

নিউ দিল্লি
সেপ্টেম্বর 23, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.